

সৈয়দপুর উপজেলা পরিষদ
জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ১৫/০২/২০২২খ্রিঃ

উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোছাঃ সানজিদা বেগম লাকী
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

সভার তারিখ : ১৫/০২/২০২২খ্রিঃ

সময় : ১০.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর, নীলফামারী।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচ্য বিষয়-০২ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির কার্যক্রম পর্যালোচনা

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, টিকাদান কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ৪০% প্রাপ্ত বয়স্ক মানুষকে টিকা প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ১,০০,০০০ (এক লক্ষ) টিকা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি অসুস্থ্য ব্যক্তি ছাড়া সবাইকে করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং সকলকে ঘনঘন হাত ধোয়া, মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য অনুরোধ করেন।</p> <p>সভার সদস্য সচিব জনাব ডাঃ মোঃ আলেমুল বাসার সভায় জানান যে, চিকিৎসাবিধি বহির্ভূত/বেআইনীভাবে বাংলাদেশে যত্রতত্র অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ/ অপব্যবহার এবং অপকিচিৎসার প্রবণতা মারাত্মক আকার ধারণ করেছে। স্থানীয় পর্যায়ে ফার্মেসীর মালিকা/কর্মচারী ও গ্রাম্য চিকিৎসকদের অ্যান্টিবায়োটিক ঔষধ প্রয়োগ, ব্যবহারবিধি সম্পর্কে যথাযথ জ্ঞান ও দক্ষতা না থাকার কারণে অপচিকিৎসা প্রদানের হার ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ ও অপব্যবহার বর্তমানে জাতীয় সমস্যায় পরিনত হয়েছে। অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ/অপব্যবহার এবং অপকিচিৎসার ফলে স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার ও অপকিচিৎসা রোধে করণীয় বিষয়ে আলোচনা হয়।</p>	<p>সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</p>

৩। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোছাঃ সানজিদা বেগম লাকী)

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

উপজেলা পরিষদ কার্যালয়

সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং-

তারিখঃ ১৫/০২/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। উপজেলা..... কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৭। অফিস কপি।



সভাপতি

উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

সৈয়দপুর, নীলফামারী।